সমকাল

তারিখ 10 FEB 2015
পৃষ্ঠা ২ কলাম ৬

# ছাত্রদলের দুই কর্মীকে ঢাবি থেকে সাসপেন্ড

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

বিএনপি নেতৃত্বাধীন ২০ দলীয় জোটের ডাকা অবরোধ-হরতালে ককটেল নিক্ষেপের অভিযোগে দুই ছাত্রদল কর্মীকে আটক করেছে র‌্যাব।

গতকাল সোমবার সকাল সাড়ে ৮টার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হলের সামনে থেকে উপস্থিত জনতা তাদের মারধর করে সোপর্দ করেছে বলে র‌্যাব জানিয়েছে।

## ককটেল নিক্ষেপের অভিযোগে আটক

এদিকে গতকাল সন্ধ্যায়, বিশ্ববিদ্যালয় থেকে তাদের সাময়িক বহিষ্কার করা হয়েছে।

তারা হলেন পরিসংখ্যান বিভাগের শফিউল শুভ এবং আরবি বিভাগের হাসানুর রহমান। এ ছাড়া সকাল সাড়ে ৭টার দিকে হরতালের সমর্থনে শহীদ মিনার এলাকায় মিছিল করেছে জাতীয়তাবাদী ছাত্রদল। এরপর সেখান থেকে দুটি তাজা ককটেল উদ্ধার করে পুলিশ।

গতকাল সন্ধ্যায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, কেন্দ্রীয় শহীদ মিনারের সামনে হাত বোমা ফাটিয়ে পালিয়ে যাওয়ার সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাস্টার্সের দুই ছাত্রকে পথচারীরা ধরে র‌্যাব-১০-এর হাতে তুলে দেয়। হাতেনাতে ধরা পড়া পরিসংখ্যান, প্রাণ পরিসংখ্যান ও তথ্য পরিসংখ্যান বিভাগের মাস্টার্স শ্রেণীর ছাত্র মো. শাহাদাত নাসির শুভ ও আরবি বিভাগের মাস্টার্স শ্রেণীর ছাত্র হাসানুর রহমান হাসানকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টরিয়াল বিধি ৫(২) ধারা অনুযায়ী বিশ্ববিদ্যালয় থেকে সাময়িক বহিষ্কার করা হয়েছে।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, এ দু'জন ছাত্রকে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে স্থায়ীভাবে বহিষ্কারের জন্য বিষয়টি শৃঙ্খলা পরিষদের আগামী সভায় উপস্থাপিত হবে।